**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 22-03-2026** **Desk in Charge: Susmita M.**
**Time:- 1-40 PM** **Edit. & Compile : Saibal Biswas**
**DEO: KB** **NRT: Partha pratim M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ আসন্ন বিধানসভা নির্বাচনে প্রতিটি বুথে পানীয় জল, শৌচাগার সহ ন্যূনতম পরিষেবা বাধ্যতামূলক করতে, নির্বাচন কমিশন কঠোর নির্দেশিকা জারি করেছে।

২/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে, মুখ্য নির্বাচনী আধিকারিক আজ রাজ্যের বিশেষ পর্যবেক্ষক, কেন্দ্রীয় বাহিনীর আধিকারিকদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন।

৩/ SIR-এর অ্যাজুডিকেশনে থাকা প্রথম সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশের আগে বিভিন্ন জায়গায় ভিড় নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলাশাসকদের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৪/ কলকাতার এক হোটেল থেকে ৫ মানব পাচারকারীকে গ্রেপ্তার করেছে প্রগতি ময়দান থানার পুলিশ।

৫/ পশ্চিমী ঝঞ্ঝা ও নিম্নচাপ অক্ষরেখার প্রভাব ধীরে ধীরে কমার ফলে, রাজ্যে বৃষ্টির পরিমাণ কমেছে। # উপকূলীয় জেলাগুলিতে কোথাও কোথাও আজ স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি হওয়ার সম্ভাবনা।

****************************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে প্রতিটি বুথে ন্যূনতম পরিষেবা বাধ্যতামূলক করতে নির্বাচন কমিশন কঠোর নির্দেশিকা জারি করেছে। কমিশনের তরফে ভোটমুখী রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের এক নির্দেশিকায় জানানো হয়েছে, প্রতিটি ভোট কেন্দ্রে নির্ধারিত অ্যাসিউরড মিনিমাম ফ্যাসিলিটিজ এবং ভোটার সহায়তা ব্যবস্থা বাধ্যতামূলক করতে হবে। এর মধ্যে রয়েছে পানীয় জল, ছাউনি-সহ অপেক্ষার জায়গা, শৌচালয়, পর্যাপ্ত আলো এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য উপযুক্ত ঢালযুক্ত র‍্যাম্প। পাশাপাশি দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকা ভোটারদের বসার জন্য নির্দিষ্ট দূরত্বে বেঞ্চের ব্যবস্থাও করতে বলা হয়েছে।

ভোটারদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি বুথে চার ধরনের নির্দিষ্ট পোস্টার টাঙানো বাধ্যতামূলক করা হয়েছে। সেখানে প্রার্থীদের তালিকা, ভোটদানের নিয়মাবলি, প্রয়োজনীয় পরিচয়পত্র এবং করণীয়-বর্জনীয় বিষয়গুলি উল্লেখ থাকবে।

এছাড়া প্রতিটি ভোটকেন্দ্রে ভোটার সহায়তা বুথ (ভিএবি) তৈরি করা হবে। বুথ লেভেল অফিসারদের নিয়ে গঠিত এই দল ভোটারদের নাম খুঁজে পেতে এবং ভোটকেন্দ্র চিহ্নিত করতে সাহায্য করবে।

ভোটারদের সুবিধার জন্য বুথের বাইরে মোবাইল ফোন জমা রাখার ব্যবস্থাও চালু করা হবে বলে জানানো হয়েছে। ভোটাররা ফোন বন্ধ করে নির্দিষ্ট স্বেচ্ছাসেবকের কাছে জমা দিয়ে ভোট দিয়ে বেরিয়ে তা ফেরত নিতে পারবেন।

************************

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন।

‘জয়েন্ট ফোর্স ডিপ্লয়মেন্ট কমিটি’র এই বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্যের বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, আইন বিভাগের এডিজি আনন্দ কুমার, সি আর পি এফ-এর আই জি শলভ মাথুর এবং ট্রাফিক বিভাগের আইজি গৌরব শর্মাকে ডাকা হয়েছে। নির্দেশিকায় জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের পাঠানো বাহিনী মোতায়েন সংক্রান্ত পরিকল্পনা খতিয়ে দেখা এবং তার বাস্তবায়নই এই বৈঠকের মূল উদ্দেশ্য। বিশেষ করে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী কীভাবে এবং কোথায়

মোতায়েন করা হবে, সেই বিষয়টি বিস্তারিতভাবে আলোচনা করা হবে। আগেই জানানো হয়েছে, আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করা হয়েছে। এর আগে ভোট পরবর্তী হিংসার ইতিহাসের কথা মাথায় রেখে নির্বাচন পর্ব শেষ হওয়ার পরেও প্রায় ৭০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে। এর মধ্যে ই ভি এম-এর নিরাপত্তার জন্য আলাদা করে ২০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। স্ট্রং রুম ও ইভিএম সংরক্ষণ কেন্দ্রগুলির নিরাপত্তার দায়িত্বে থাকবে এই বাহিনী।

অন্যদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আরও ৫০০ কোম্পানি বাহিনী কাজ করবে।

************************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর পর প্রথম সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশের পূর্বে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার নির্দেশিকা জারি করেছে। আগামীকাল এই তালিকা প্রকাশ পেতে পারে বলে খবর। গতকাল স্বরাষ্ট্র দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর বিভিন্ন জায়গায় সম্ভাব্য ভিড় নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সব জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। সংকটপ্রবণ এলাকায় কড়া নজরদারির ব্যবস্থা করতে হবে। এলাকায় শান্তি বজায় রাখতে সব রকম ব্যবস্থা সুনিশ্চিত করার কথা বলা হয়েছে।

************************

আর জি কর হাসপাতালে লিফটে আটকে মৃত্যুর প্রতিবাদে এবিভিপি এই মুহূর্তে হাসপাতালের সামনে বিক্ষোভ অবস্থান করছে। এই ঘটনায় এবিভিপির সদস্যরা স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করে স্লোগান দিচ্ছে। সংগঠনের তরফে জানানো হয়েছে,রাজ্যের প্রশাসন মানুষকে সুরক্ষা দিতে পুরোপুরি ব্যর্থ। তাই বিষয়টি নিয়ে তারা আরও বৃহত্তর আন্দোলন করবে।

************************

RG KAR হাসপাতালে সন্তানের চিকিতৎসা করাতে গিয়ে লিফটে আটকে দমদমের বাসিন্দা অরূপ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ঘটনায় ধৃত পাঁচজনকে গতকাল শিয়ালদা আদালতে তোলা হলে ২৭শে মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। এদের মধ্যে রয়েছে তিনজন লিফটম্যান মিলন কুমার দাস, বিশ্বনাথ দাস, মানস কুমার গুহ এবং নিরাপত্তা রক্ষী আসরাফুল রহমান ও শুভদ্বীপ দাস।

টালা থানার কাছ থেকে ঘটনার তদন্তভার গ্রহণ করে লালবাজারের হোমিসাইড শাখা। গতকালই ঘটনাস্থলে যান তদন্তকারী আধিকারিকরা। একইসঙ্গে ফরেন্সিক দলও গতকাল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

এদিকে, হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে ঘটনার রিপোর্ট তলব করেছে স্বাস্থ্য দফতর।

এই ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানিয়েছে সার্ভিস ডক্টর ফোরাম। সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস জানিয়েছেন, দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি এবং মৃতের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণের দাবিতে স্বাস্থ্য সচিবকে চিঠিও দিয়েছেন তাঁরা।

এদিকে, হাসপাতালে ট্রমা কেয়ারে ওই লিফটে যান্ত্রিক ত্রুটি থাকলেও তা নিয়ে কর্তৃপক্ষ উদাসীন ছিল বলে অভিযোগ করেছেন কর্মী ও চিকিৎসকদের একাংশ। কেন হাসপাতালে বেসমেন্ট দিয়ে ওই পরিবারকে বার করার ব্যবস্থা করা হলো না, তা নিয়েও একাধিক প্রশ্ন উঠেছে। হাসপাতাল সূত্রে জানা গেছে, রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা পূর্ত দফতরের কাছ থেকে এ ব্যাপারে সুপার সপ্তর্ষি চট্টোপাধ্যায় রিপোর্ট চেয়েছেন। আগামীকালের মধ্যেই রিপোর্ট জমা পড়তে পারে বলে জানা গেছে।

************************

জম্মুর গান্ধীনগর থানার নায়কনগর এলাকা থেকে দুই যুবককে অপহরণ করে, কলকাতার একটি হোটেলে আটকে রেখে মুক্তি পণের দাবী করার অভিযোগে পাঁচ জনকে গ্রেপ্তার করেছে জম্মু কাশ্মীর পুলিশ।

গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রগতি ময়দান থানার পুলিশ, শুক্রবার রাতে একটি হোটেল থেকে ওই দুই কাশ্মীরী যুবককে উদ্ধার করে এবং পাঁচ জনকে আটক

করে। এরা হরিয়ানার পানিপথের বাসিন্দা। এরপর কাশ্মীর পুলিশকে খবর দেওয়া হলে, কলকাতায় এসে তারা ধৃতদেরকে গ্রেপ্তার করে ট্রানজিট রিমান্ডে নিয়ে যায়। গতকাল তাদের আদালতে তোলা হলে, পাঁচ দিনের ট্রানজিট রিমান্ডের নির্দেশ দেয় আদালত।

জানা গেছে, পাচারকারীরা ট্রাভেল এজেন্ট হিসাবে যোগাযোগ করে এই দুই যুবকের সঙ্গে। যুবক দুজন অষ্ট্রেলিয়া যাবার কথা ছিলো। দুই কাশ্মীরী যুবককে অষ্ট্রেলিয়ায় না নিয়ে গিয়ে, পাচারকারীরা বিমানে দিল্লী হয়ে কলকাতায় নিয়ে এসে হোটেলে আটকে রাখে। আর দুই যুবকের পরিবারের কাছে ৩০ লক্ষ টাকা মুক্তিপণ দাবী করা হয়।

ধৃতরা একটি আন্তর্জাতিক মানব পাচার চক্রের সঙ্গে যুক্ত। এই চক্রের সঙ্গে যুক্ত অন্যদের খোঁজ চলছে।

***********************

চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠনের নেতা স্বাধীনতা সংগ্রামী, বিপ্লবী মাস্টারদা সূর্য সেনের ১৩৩-তম জন্মজয়ন্তী আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

মুর্শিদাবাদের বিভিন্ন ক্লাব, আজকের দিনটি পালনে বেশ কিছু উদ্যোগ নিয়েছে।

উল্লেখ্য, ১৯১৬ সালে বহরমপুর কৃষ্ণনাথ কলেজেও বি এ পড়ার সময় মাস্টারদা, বিপ্লবী অধ্যাপক সতীশ চন্দ্র চক্রবর্তীর সংস্পর্শে আসেন ও যুগান্ত দলের সদস্য হন।

***********************

সুন্দরবনের বরিতলা জঙ্গলে কাঁকড়া ধরতে গিয়ে বাঘের আক্রমণের মুখে পড়লেন নিখিল মণ্ডল নামে এক মৎস্যজীবী। হিঙ্গলগঞ্জের শামশেরনগর এক নম্বর এলাকার বাসিন্দা ওই মৎস্যজীবী, গতকাল বিকেলে আরও পাঁচ সঙ্গীর সঙ্গে নৌকায় ছিলেন। তখনই একটি বাঘ আচমকা তাঁদের ওপর ঝাঁপিয়ে পড়ে। তাঁর সঙ্গীরা বাঁশ দিয়ে পালটা প্রতিরোধ গড়ে তুললে, বাঘটি বাধ্য হয়ে নিখিলকে ছেড়ে জঙ্গলে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাঁকে উদ্ধার করে প্রথমে যোগেশগঞ্জ ও পরে বসিরহাট জেলা হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর অবস্থা আশঙ্কাজনক।

***********************

নির্বাচনী বিধি লঙ্ঘনের অভিযোগে, শিলিগুড়ির মেয়র গৌতম দেবের ‘টক টু মেয়র’ অনুষ্ঠান বন্ধ করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। বিরোধীদের থেকে পাওয়া অভিযোগের পরই ওই অনুষ্ঠান বন্ধ রাখার নির্দেশ দিলেন জেলা নির্বাচনী আধিকারিক। এর পাশাপাশি, অনুষ্ঠানে মেয়রের পিছনে থাকা মুখ্যমন্ত্রীর ছবিও সরানোর’ও নির্দেশ দেওয়া হয়েছে।

তবে, মুখ্যমন্ত্রীর ছবি সরালেও অনুষ্ঠান বন্ধ করতে নারাজ গৌতম দেব। ‘টক টু মেয়র’ অনুষ্ঠান বন্ধ করার কারণ নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাতে বলেন তিনি। ওই অনুষ্ঠান বন্ধ করলে, সোশ্যাল মিডিয়ায় ‘গৌতমকে বলুন’ নামে অন্য অনুষ্ঠান চালু করবেন বলে তাঁর পাল্টা দাবী ।

************************

বনগাঁ শিয়ালদা শাখার, বনগাঁ লোকাল চলন্ত ট্রেনে গতকাল যাত্রীদের লক্ষ্য করে পাথর ছোঁড়ার ঘটনায় তিনজনকে গ্রেফতার করেছে জিআরপি ও আরপিএফ। সামাজিক মাধ্যমে এই ঘটনার ভিডিও ছড়িয়ে পরলে শুভঙ্কর বিশ্বাস, সমীর মধু ও পঙ্কজ মণ্ডল নামে তিনজনকে চিহ্নিত করে গ্রেফতার করাহয়।অভিযুক্তরা ওই ট্রেনের যাত্রীদের সঙ্গে বচসায় জড়ান।পরে ট্রেন থেকে নেমে চলন্ত ট্রেনে পাথর ছুঁড়তে থাকেন।অভিযুক্তরা অশোকনগর থানার বাসিন্দা। আজ তাদের বনগাঁ মহকুমা আদালতে তোলা হচ্ছে।

************************

পশ্চিমী ঝঞ্ঝা ও নিম্নচাপ অক্ষরেখার প্রভাব ধীরে ধীরে কমার ফলে আজ সকাল থেকেই বৃষ্টির পরিমাণ কমেছে। তবে উপকূলীয় জেলাগুলিতে স্থানীয়ভাবে কোথাও কোথাও আজ বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গেও আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে।

গতকাল রাজ্যে সর্বাধিক বৃষ্টি হয়েছে উত্তরবঙ্গের জলপাইগুড়ির ময়নাগুড়ি কলেজ এলাকায় ৩১ মিলিমিটার এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জে প্রায় ২৪ মিলিমিটার, দক্ষিণবঙ্গে গত ২৪ ঘন্টায় সব থেকে বেশি বৃষ্টি হয়েছে পূর্ব মেদিনীপুরের দীঘায় ২১ মিলিমিটার।

এদিকে বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার জন্য এক ধাক্কায় সারা রাজ্যেই নেমেছে তাপমাত্রার পারদ। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় **১৯** দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রি কম। তবে আজ থেকে দিনের তাপমাত্রা আবারও কিছুটা বেড়ে ধীরে ধীরে স্বাভাবিক হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*******************************************************************